*ই-মেইলে*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
[কাস্টমস: WCO Affairs & IPR শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০০০.৫৬.০০০৩.২৫.৩২৮ তারিখ: ১৫ ডিসেম্বর ২০২৫ খ্রি.।

**বিষয়: আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে World Customs Organization (WCO) Certificate of Merit প্রদানের জন্য কর্মকর্তা/ কর্মচারী মনোনয়ন।**

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০০২.২৫.৩১৯, তারিখ: ২৪ নভেম্বর ২০২৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখে বিশ্বব্যাপী আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপিত হতে যাচ্ছে। বাংলাদেশে দিবসটি উদযাপন উপলক্ষে বিগত সময়ের ধারাবাহিকতায় এ বছরও বাংলাদেশ কাস্টমস এর কর্মকর্তা-কর্মচারীগণে অনন্য সাধারণ ভূমিকাকে স্বীকৃতি প্রদানের মাধ্যমে কর্মস্পৃহা ও পেশাদারিত্ব বৃদ্ধি এবং সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন অধিকতর গতিশীল করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক WCO Certificate of Merit প্রদান করা হবে।

০২। আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে গঠিত WCO Certificate of Merit উপ-কমিটি কর্তৃক দপ্তর প্রধানগণের নিকট হতে সংযুক্ত ফরমে কাস্টমস ও ভ্যাট অনুবিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের নাম সংবলিত সুপারিশ আহ্বান করা যাচ্ছে। দপ্তর প্রধানগণ নিজ দপ্তরের অনধিক ০৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে এ সংক্রান্ত একটি বাছাই কমিটি গঠন করে নাম সুপারিশ করবেন। সুপারিশকৃত কর্মকর্তা-কর্মচারীগণের ন্যূনতম নিম্নোক্ত যোগ্যতাসমূহ থাকা আবশ্যক:

(ক) ক্যাডার কর্মকর্তাগণের ক্ষেত্রে বিসিএস (কাস্টমস এ্যান্ড এক্সাইজ) ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে চাকুরি স্থায়ীসহ বোর্ডের কাস্টমস ও ভ্যাট বিভাগের অধীন দপ্তরসমূহে কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা;
(খ) সরকারি চাকরি আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কোনো অযোগ্যতা না থাকা;
(গ) কোনো বিভাগীয় মামলা, দুর্নীতি মামলা এবং ফৌজদারি মামলা বা উক্তরূপ মামলার আদেশ/রায় এর বিরুদ্ধে আপীল চলমান না থাকা অথবা এরূপ মামলায় শাস্তি শেষ হওয়ার পর ০২ (দুই) বছর অতিক্রান্ত হওয়া।

০৩। এছাড়া, মাঠ পর্যায়ের দপ্তরসমূহ কর্তৃক নাম মনোনয়নের ক্ষেত্রে কর্মকর্তাগণের পেশাদারিত্ব, কাস্টমস সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় দক্ষতা এবং আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণে ভূমিকাসহ নিম্নোক্ত মানদন্ড অনুসরণ করতে হবে:

(ক) WCO কর্তৃক নির্ধারিত মানদন্ড;
(খ) WCO কর্তৃক সংশ্লিষ্ট বছরের জন্য নির্ধারিত প্রতিপাদ্য বাস্তবায়নে সহযোগিতা ও অবদান;
(গ) কাস্টমস আইন এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধির প্রয়োগ ও বাস্তবায়নে সহযোগিতা ও অবদান;
(ঘ) কর্মকর্তা-কর্মচারীর যোগ্যতা, দক্ষতা, বুদ্ধিমত্তা, নিষ্ঠা, ত্যাগ, একাগ্রতা, সততা, সাহসিকতা, শুদ্ধাচার ও পেশাদারিত্ব;
(ঙ) কর্মকর্তা-কর্মচারীর চোরাচালান ও রাজস্ব ফাঁকি প্রতিরোধে কৃতিত্বপূর্ণ অবদান;
(চ) আধুনিকায়ন, নীতি প্রণয়ন ও সংস্কারে সহযোগিতা ও অবদান;
(ছ) বাণিজ্য সহজীকরণ ও পদ্ধতি উন্নয়নে সহযোগিতা ও অবদান;
(জ) ইনোভেশন ও সেবাপদ্ধতি সহজীকরণে সহযোগিতা ও অবদান;
(ঝ) জাতীয় রাজস্ব বোর্ডের বিভিন্ন প্রকল্পে (Project) অবদান রাখা;
(ঞ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময় সময় গঠিত কমিটিতে সক্রিয় অংশগ্রহণ এবং অবদান; এবং
(ট) অটোমেশনে সহযোগিতা ও অবদান প্রভৃতি।

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ-২ ও ৩ এ বর্ণিত যোগ্যতা ও মানদন্ড অনুযায়ী আপনার দপ্তর হতে অনধিক ০৪ (চার) জন যোগ্য প্রার্থী (০২ জন ক্যাডার ও ০২ জন নন-ক্যাডার কর্মকর্তা) মনোনয়নপূর্বক মনোনীত কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে নিম্নে বর্ণিত দলিলাদি সংযোজনপূর্বক তা আগামী ২৯ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ও আহ্বায়ক, WCO Certificate of Merit উপ-কমিটি বরাবর (wcoaffairs.nbr@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

ক) সংযোজনী অনুযায়ী আবেদনপত্র - MSWord Copy
খ) সংযোজনী অনুযায়ী আবেদনপত্র - Scanned Copy (PDF)
গ) আবেদনপত্রে উল্লিখিত যোগ্যতাসমূহের প্রমাণক - Scanned Copy (PDF)

০৫। বিষয়টি জরুরী বিবেচ্য।

সংযুক্তি: মনোনয়ন ফরম (ই-মেইলে প্রেরিত)।

১৫/১২/২০২৫

**ড. মোঃ আল আমিন প্রামানিক**
সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ও
আহ্বায়ক
WCO Certificate of Merit উপ-কমিটি
ই-মেইল: wcoaffairs.nbr@gmail.com

**বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
৪. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৫. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৭. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৮. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।
৯. কমিশনার, কাস্টমস: রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১১. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্রগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১৩. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[পত্রটি সংযুক্তিসহ জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**।
১৪. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**বিতরণ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১৬. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৭. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।